যুগান্তর

18 APR 2017

## ডুয়েটে ভর্তি পরীক্ষা ২১ মে : আবেদনের শেষ তারিখ ৩ মে

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) বিএসসি ইঞ্জিনিয়ারিং ও বিআর্ক প্রোগ্রামে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২১ মে রোববার বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। এ ভর্তির জন্য আবেদন শুরু হয়েছে ১ এপ্রিল থেকে। চলবে আগামী ৩ মে পর্যন্ত। আবেদন করা যাবে ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড মোবাইল ব্যাংকিং এবং অনলাইনের মাধ্যমে। অনলাইন ভর্তিবিষয়ক তথ্যাবলী http://www.duetbd.com/admission2017এ পাওয়া যাবে।

### স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা

## জাতীয়করণের দাবিতে ২৬ এপ্রিল সমাবেশ

**যুগান্তর রিপোর্ট**

জাতীয়করণের দাবিতে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা আগামী ২৬ এপ্রিল প্রেসক্লাবের সামনে সমাবেশ ও মানববন্ধন করবেন। একই দাবিতে ওইদিন তারা লাগাতার অবস্থান কর্মসূচি ঘোষণা করবেন। 'বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি' জাতীয়করণের এই আন্দোলনের নেতৃত্ব দিচ্ছে। সোমবার রাজধানীর বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ মিলনায়তনে জেলা শিক্ষক প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর